

শহীদ জিয়াউর রহমানের ৩০তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে মিলাদ মাহফিল দোয়া ও আলোচনা সভা



এম মোরশেদ: স্বাধীনতার ঘোষক ও বহুদলীয় গণতন্ত্রের প্রবক্তা সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৩০তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে গত ৩০শে মে ২০১১ সোমবার, সিডনীতে বিএনপির মেরীকবিলস্থ কার্যালয়ে বাংলাদেশ জাতীয়তাবাদীদল অস্ট্রেলিয়া শাখার উদ্যোগে এক মিলাদ মাহফিল দোয়া ও আলোচনা সভা, উদযাপন কমিটির আহ্বায়ক আবুল হাশেম মৃধা জিলুর সভাপতিত্বে, অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন বিএনপি অস্ট্রেলিয়ার আহ্বায়ক মো: দেলোয়ার হোসন ও প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন স্বেচ্ছাসেবকদল কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক সম্পাদক ও বিএনপি অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক মোসলেহউদ্দিন আরিফ। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বিএনপি অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক এম.এম সারোয়ার বারু।

বিএনপি অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক ও নিউ সাউথ ওয়েলস মহানগরী বিএনপির সভাপতি ইব্রাহীম খলিল মাসুদের পরিচালনায় বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদীদল অস্ট্রেলিয়া শাখার সিনিয়র নেতা বায়েজিদ চৌধুরী, বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবকদল অস্ট্রেলিয়া শাখার সভাপতি হাফিজুল ইসলাম তারেক, সাধারণ সম্পাদক সর্দার মো: খালেদ, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল অস্ট্রেলিয়ার সিনিয়র সহ সভাপতি ইয়াসিন আরাফাত সরুজ, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার সভাপতি মোস্তাফা মোরশেদ নিথুন, সাধারণ সম্পাদক মোশাফিজ আল মামুন, নিউ সাউথ ওয়েলস মহানগরী বিএনপির সহ সভাপতি জসিমউদ্দিন মিঠু, তরুন বিএনপি নেতা আরিফুর রহমান সাবিবর, অস্ট্রেলিয়া বিএনপি নেতা জাহাঙ্গীর হোসেন, ছাত্রদল অস্ট্রেলিয়া শাখার সহ-সভাপতি ওমর ফারুক, যুগ্ম সাধারণ সম্পাদক শাহাদাতহোসেন সোহেল ও যুবদল সাংগঠনিক সম্পাদক হুমায়ুন কবির প্রমুখ।